প্রথম আলো

22 FEB 2017

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

# বাংলা বানান ও উচ্চারণ নিয়ে সতর্ক থাকতে হবে

বাসস ●

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশেষ করে নতুন প্রজন্মসহ সবাইকে বাংলা শব্দের বানান ও উচ্চারণ সম্পর্কে আরও সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে গতকাল মঙ্গলবার আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আয়োজিত পাঁচ দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, 'ইদানীং বাংলা বলতে গিয়ে ইংরেজি বলার একটা বিচিত্র প্রবণতা লক্ষ করা যাচ্ছে। জানি না, অনেক ছেলেমেয়ের মাঝে এখন এটা সংক্রামক ব্যাধির মতো ছড়িয়ে গেছে। এভাবে কথা না বললে যেন তাদের মর্যাদাই থাকে না, এমন একটা ভাব।' তিনি বলেন, 'এই জায়গা থেকে আমাদের ছেলেমেয়েদের বেরিয়ে আসতে হবে।' অন্য ভাষার প্রতি কোনো বৈরিতা নেই উল্লেখ করে তিনি বলেন, 'নিজের ভাষা আগে শিখতে হবে। সেই সঙ্গে অন্য ভাষাও আমরা শিখব। অন্য ভাষা শিখতে হবে। কিন্তু মাতৃভাষাকে ভুললে চলবে না।'

শেখ হাসিনা বলেন, কথা বলতে গিয়ে যে ধরনের ভাষা ব্যবহার করা হয়, সেখানে বৈচিত্র্য রয়েছে। এখানে উচ্চারণে আঞ্চলিকতার টানও থাকতে পারে। যেমন, জাতির পিতা ৭ মার্চের ভাষণে গোপালগঞ্জের ভাষা ব্যবহার করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগে পড়ার সময় কোনো কোনো শিক্ষক বঙ্গবন্ধুর বক্তৃতায় শব্দের ব্যবহার নিয়ে আপত্তি করেছিলেন. এ বিষয়ে স্মৃতিচারণা করে তিনি বলেন. 'এটা স্বতঃস্ফূর্ততা, এটি সংশোধন করা যায় না।...জনগণের কাছে সহজবোধ্য ভাষাটিই উনি ব্যবহার করতেন।' প্রধানমন্ত্রী বলেন, বাংলা ভাষাকে মিশ্রিত বা বিকৃত করে বলার অভ্যাস ত্যাগ করতে হবে। তবে আঞ্চলিক ভাষাকে অস্বীকার করা যাবে না।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গতকাল আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী বলেন, জ্ঞানপিপাসা মেটাতে অন্য ভাষা শিক্ষা প্রয়োজন। এ জন্যই তাঁর সরকার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনেসকোর ভাষাবিষয়ক উপদেষ্টা অ্যানভিটা অ্যাবি। ঢাকায় ইউনেসকোর প্রতিনিধি বিট্রেস কালডুন, শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. জিনাত ইমতিয়াজ আলী এ সময় বক্তব্য দেন।